

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড

ঢাকা/ রাজশাহী/কুমিল্লা/যশোর/চট্টগ্রাম/বরিশাল/সিলেট/দিনাজপুর/ময়মনসিংহ

স্মারক নং-আশিবো/প্রশা/২০১০/৪৯

তারিখ: ০৩.০৭.২০১৯ খ্রি:


বিষয়: ২০১৯ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার সময়সূচি।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে, ২০১৯ সালের জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষা নিম্ন বর্ণিত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবে।

বিষয় পরীক্ষা শুরুর সময় সকাল ১০টা	বিষয় কোড	তারিখ ও দিন
১। বাংলা	১০১	০২/১১/২০১৯ শনিবার
১। ইংরেজি	১০৭	০৪/১১/২০১৯ সোমবার
১। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি	১৫৪	০৫/১১/২০১৯ মঙ্গলবার
১। ইসলাম ও নৈতিক শিক্ষা ২। হিন্দুধর্ম ও নৈতিক শিক্ষা ৩। বৌদ্ধধর্ম ও নৈতিক শিক্ষা ৪। খ্রিস্টধর্ম ও নৈতিক শিক্ষা	১১১ ১১২ ১১৩ ১১৪	০৬/১১/২০১৯ বুধবার
১। বাংলাদেশ ও বিশ্বপরিচয়	১৫০	০৭/১১/২০১৯ বৃহস্পতিবার
১। গণিত	১০৯	০৯/১১/২০১৯ শনিবার
১। বিজ্ঞান	১২৭	১১/১১/২০১৯ সোমবার

বিশেষ নির্দেশাবলি :

- ১ পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
- ২ প্রশ্নপত্রে উল্লিখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
- ৩ সৃজনশীল ও বহুনির্বাচনি পরীক্ষায় একই উত্তরপত্র ব্যবহার করতে হবে।
- ৪ শারীরিক শিক্ষা ও স্বাস্থ্য, কর্ম ও জীবনমুখী শিক্ষা, চারু ও কারুকলা, কৃষি শিক্ষা, গার্হস্থ্য বিজ্ঞান, আরবি, সংস্কৃত, পালি বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রে সরবরাহ করবে। পরীক্ষার্থীর রোলনম্বর পাওয়ার পর সংশ্লিষ্ট কেন্দ্রে পরীক্ষা চলাকালীন বোর্ডের ওয়েবসাইটে অনলাইনের মাধ্যমে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর এন্ট্রি করে প্রেরণ করবে।
- ৫ পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট থেকে পরীক্ষা আরম্ভের কমপক্ষে ০৩ (তিন) দিন পূর্বে সংগ্রহ করবে।
- ৬ পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
- ৭ পরীক্ষার্থীকে প্রত্যেক বিষয়ে স্বাক্ষরলিপিতে অবশ্যই স্বাক্ষর করতে হবে।
- ৮ প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
- ৯ পরীক্ষার্থীগণ পরীক্ষায় সাধারণ সাইন্টফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে।
- ১০ কেন্দ্রে সচিব ব্যতীত অন্য কেউ পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না এবং কোন পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে পারবে না।



প্রফেসর মোঃ আবুল বাশার

আহবায়ক

আন্ত: শিক্ষা বোর্ড পরীক্ষা নিয়ন্ত্রক উপ কমিটি

ও

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন: ৯৬৬৯৮১৫